



99547 - ক্রস্টিটালরে উপর ছবি খোদাই করার যন্ত্র দিয়ে উপার্জন

প্রশ্ন

ক্রস্টিটালরে উপর খোদাই করার যন্ত্র ক্রয় করা এবং সঠিক অর্থ উপার্জনে ব্যবহার করার শরয়ি হুকুম কি? যহেতে আমি কিছু ব্যবসায়িক সুযোগের সন্ধানের সৌদির বাহরিতে এক দেশে অবস্থান করছি। এই ছবিটি প্রশ্নের উদ্দেশ্যকে পরিস্কার করবে এবং যন্ত্রটি দিয়ে কাজ করার পদ্ধতিটি সুস্পষ্ট করবে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

সংযুক্ত ছবিটি দেখে ও যন্ত্রটি কাজ করার পদ্ধতি অবগত হওয়ার মাধ্যমে এটি পরিস্কার হয়েছে যে, এর মাধ্যমে বিভিন্ন জনিসিরে ছবি অংকন করা হয়, এরপর সটোক্রে ক্রস্টিটালরে উপরে স্থানান্তর করা হয়। অতএব, যদি সেই ছবিটি জায়গায় হয়; যমেন গাছের, পাহাড়ের, নদীর বা প্রাণ নাই এমন কিছু ছবি তাহলে এই যন্ত্র দিয়ে কাজ করতে ও অর্থ উপার্জন করতে কোন আপত্তি নাই। আর যদি ছবিটি নিষিদ্ধ হয়; যমেন যদি সটো মানুষ, পাখি ও প্রাণীর মত প্রাণ আছে এমন কিছু ছবি হয় তাহলে এই যন্ত্রটি দিয়ে এই ক্ষেত্রে উপার্জন করা নাজায়গে।

আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে প্রাণ আছে এমন কিছু ছবি কাগজ বা এ জাতীয় স্থির কোন কিছু উপর ছবি ফুটিয়ে তোলা আলমেদের মাঝে মতভেদপূর্ণ বিষয়। অগ্রগণ্য অভিমত হলো জরুরী প্রয়োজন ছাড়া এটি হারাম। ছবি অংকন হারাম হওয়া সংক্রান্ত দলিলগুলোর সার্বিকতা ও ছবি তৈরিকারীর উপর লানতরে দলিলগুলোর সার্বিকতার ভিত্তিতে।

জনে রাখুন, যে ব্যক্তি আল্লাহর জন্য কোন কিছু বাদ দিয়ে আল্লাহ তাকে এর চেয়ে উত্তম বদলা দেন। যে ব্যক্তি আল্লাহকে ভয় করে আল্লাহই তাকে রযিকি দেন, বেশি দেন, যথেষ্ট পরিমাণে দেন এবং তাকে আশ্রয় দেন। হারাম উপার্জন করে নিজেকে খাওয়ানো বা নিজ পরিবারকে খাওয়ানোর মধ্যে কোন কল্যাণ নাই। প্রত্যকে যে দেহ হারামে গড়ে উঠছে সে দেহের জন্য আগুনই উপযুক্ত।

আমরা আল্লাহর কাছে দোয়া করছি তিনি যেন হারামের বদলে হালালকে আমাদের জন্য যথেষ্ট করে দেন এবং তিনি যেন নিজ অনুগ্রহে আমাদেরকে অমুখাপকেষী করে দেন।

আল্লাহই সর্বজ্ঞঃ।